দৈনিক জনকণ্ঠ

29 JAN 2016
6 কলাম 2

# ক্যাডার কর্মকর্তা সমস্যা নিরসনে সাংগঠনিক কাঠামো সংস্কার হচ্ছে

**বিশেষ প্রতিনিধি ॥** সরকারী চাকরিতে বিভিন্ন ক্যাডারের কর্মকর্তাদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেড নিয়ে জটিলতা নিরসনে ও যথাসময়ে পদোন্নতি নিশ্চিতে সাংগঠনিক কাঠামো সংস্কারের প্রক্রিয়া চলছে। এছাড়া ক্যাডার বহির্ভূত সংস্থা ও দফতরের সাংগঠনিক কাঠামোও পর্যায়ক্রমে সংস্কার করা হবে। বৈঠকে উপজেলা পরিষদ ব্যবস্থাপনার বিষয়েও আলোচনা হয়। পাশাপাশি ৮ম বেতন স্কেল নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সচিবদের সঙ্গে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতাদেরও বৈঠক হয়েছে।

বৃহস্পতিবার প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির সঙ্গে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের বৈঠকে এ বিষয়ে আলোচনা হয় বলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষা ক্যাডারের বিদ্যমান চতুর্থ গ্রেডের পদগুলো তৃতীয় গ্রেডে উন্নীত করা সংক্রান্ত বেতন বৈষম্য দূরীকরণ বিষয়ক মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ নেয়া হবে বলে সভায় জানানো হয়। অষ্টম বেতন স্কেলে সরকারী প্রথম শ্রেণীর চাকরিতে প্রবেশের ক্ষেত্রে ক্যাডার, নন-ক্যাডার বৈষম্য নিরসনে কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছে বলে জানানো হয়। এছাড়াও নিজস্ব ক্যাডার ও ফাংশনাল সার্ভিস বহির্ভূত সকল প্রেষণ বাতিল করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বৈঠকে জানানো হয়, সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের যথাসময়ে পদোন্নতির স্থায়ী ব্যবস্থা নিশ্চিত করতে সাংগঠনিক কাঠামো সংস্কারের প্রক্রিয়া চলছে। যে সব ক্যাডারের সাংগঠনিক কাঠামোর সংস্কার প্রস্তাব এখনও প্রেরণ করা হয়নি, সে সব ক্যাডারের প্রস্তাব অতিসত্ত্বর জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে বলা হয়েছে। ক্যাডার কর্মকর্তার বাইরে যে সকল দফতর ও সংস্থায় নন-ক্যাডার কর্মকর্তাগণ পদায়ন হন তাদের সাংগঠনিক কাঠামোও পর্যায়ক্রমে সংস্কার করা হবে। পাশাপশি ৮ম বেতন স্কেলসহ নানা বিষয়ে প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির সঙ্গেও বৈঠকে আলোচনা করা হয়েছে। সভায় সিদ্ধান্ত হয়, যে সকল বিষয় নিয়ে বর্তমানে কাজ চলছে তার অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য সমস্যার সমাধানে পর্যায়ক্রমে আরও বৈঠক করা হবে। সভায় সমন্বয় কমিটির আহ্বায়ক আ ফ ম বাহাউদ্দিন নাসিম, সদস্য সচিব মোঃ ফিরোজ খান, সদস্য অধ্যাপক ডাঃ মাহমুদ হাসান, অধ্যাপক ডাঃ ইকবাল আর্সলান, প্রকৌশলী কবির আহমেদ ভূঁইয়া, প্রকৌশলী মোঃ আব্দুস সবুর, মোঃ মোবারক আলী, স ম গোলাম কিবরিয়া, অধ্যাপক নাসরীন বেগম, আই কে সেলিম উল্লাহ খোন্দকার, খায়রুল আলম প্রিন্স প্রমুখ উপস্থিত ছিলেন।

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রস্তাব নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বৈঠক